গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীনগর, মুন্সীগঞ্জ
http://sreenagar.munshiganj.gov.bd

স্মারক নং: ০৫.৩০.৫৯৮৪.০০০.৪০.০০৯.২৫.৩৫৬

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩২ / ২৭ এপ্রিল ২০২৫

# " কোরবানির পশুর অস্থায়ী হাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ প্রশাসন-২ শাখার ২১/৯/২০১১ খ্রি. তারিখের ৪৬.০৪১. ০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকের প্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০২৫ (বাংলা ১৪৩২) সনের কোরবানীর পশু বিক্রয়ের লক্ষ্যে শ্রীনগর উপজেলায় নিম্নবর্ণিত অস্থায়ী হাটসমূহ শর্তসাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র গ্রহণের পূর্বদিন পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) দরপত্র নির্ধারিত (অফেরৎযোগ্য) মূল্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), শ্রীনগর, অফিসার ইন চার্জ, শ্রীনগর থানা, ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, শ্রীনগর শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে। টেন্ডার ও ইজারার যাবতীয় শর্ত দরপত্র ফরমের সাথে পাওয়া যাবে। দরপত্রের উদ্বৃত্ত মূল্যের ১০০% টাকা জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নিম্নোক্ত তারিখ সমূহে সকাল ০৯.০০টা হতে দুপুর ০১.০০টা পর্যন্ত সময়ে জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয়ের কার্যালয়ের রাজস্ব শাখা, পুলিশ সুপারের কার্যালয়, মুন্সীগঞ্জ, উপজেলা ভূমি অফিস, শ্রীনগর এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহন করা হবে এবং ঐ দিন বিকাল ৩.০০টায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। উল্লেখ্য, ১ম দরপত্র দাখিলের তারিখে কাঙ্খিত ইজারা মূল্য পাওয়া না গেলে পরবর্তী ধার্য তারিখে দরপত্র গ্রহণ করা হবে।

কমিটি কর্তৃক দরপত্র গৃহীত হওয়ার ০৩(তিন) কার্যদিবসের মধ্যে দরদাতাকে মোট ইজারা মূল্যের উপর ১০% হারে আয়কর ও ১৫% হারে ভ্যাটসহ সমুদয় টাকা এককালীন পরিশোধ করে হাটের দখল বুঝে নিতে হবে। ব্যর্থতায় দরপত্র বাতিলসহ জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

| ক্রমিক নং | অস্থায়ী হাটের নাম | ইউনিয়নের নাম | সরকারী মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ভাগ্যকুল মান্দ্রা অস্থায়ী গরু/ছাগলের হাট | ভাগ্যকুল | ৬২,৬৩,০৩৫/- | ৭,২০০/- |
| ০২ | কেদারপুর হাটসহ নবারুন সংসদ এলাকার অস্থায়ী গরু/ ছাগলের হাট | ভাগ্যকুল | ৫৫,৬২,৩৫০/- | ১১,৮০০/- |
| ০৩ | বাঘড়া বাজার সংলগ্ন অস্থায়ী গরু/ ছাগলের হাট | বাঘড়া | ১১,৯৩,২০৮/- | ৩,০০০/- |
| ০৪ | বেলতলী জি.জে. উচ্চ বিদ্যালয় মাঠ অস্থায়ী গরু/ ছাগলের হাট | তন্তর | ১৯,৪৩৫/- | ৫০০/- |
| ০৫ | বাড়ৈখালী ইউনিয়নের শিবরামপুর অস্থায়ী গরু ছাগলের হাট | বাড়ৈখালী | ১০,৮১,৮৩৬/- | ২,৮০০/- |

"দরপত্র ক্রয় এবং দাখিলের সময়সূচী"

| দরপত্রের বিবরণ | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম বার | ১২/০৫/২০২৫<br>সকাল ৯টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত | ১৩/০৫/২০২৫<br>সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত | ১৩/০৫/২০২৫ বিকাল ৩.০০ টা |
| ২য় বার | ১৮/০৫/২০২৫<br>সকাল ৯টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত | ১৯/০৫/২০২৫<br>সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত | ১৯/০৫/২০২৫ বিকাল ৩.০০ টা |
| ৩য় বার | ২৫/০৫/২০২৫<br>সকাল ৯টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত | ২৬/০৫/২০২৫<br>সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত | ২৬/০৫/২০২৫ বিকাল ৩.০০ টা |

"পবিত্র ঈদ-উল-আযহা-২০২৫ উপলক্ষে (বাংলা ১৪৩২) সনের কোরবানীর পশুর অস্থায়ী হাটের শর্তাবলী"

১. আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০২৫ (বাংলা ১৪৩২) সনের কোরবানীর পশু বিক্রয়ের লক্ষ্যে অস্থায়ী হাট।

২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ১০০% (শতকরা একশত ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে "উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগরের অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংকে অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাটের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাটের সরকারি মূল্যের কম হয় তাহা হলে পুনরায় দরপত্রের সূচী অনুযায়ী দরপত্র আহবান করা হবে।

৫. এক হাটের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাটের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাটের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. বর্তমান টোল আদায় যে হার ও রীতি প্রচলিত রয়েছে ইজারাদার সে অনুযায়ী [illegible]

৮. প্রত্যেক হাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯. ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত অস্থায়ী হাট বা হাটের কোন অংশবিশেষ অন্যের নিকট ইজারা/ সাব-লিজ দিতে পারবেন না।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪. দরপত্রে কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা এবং দরদাতার স্বাক্ষর না থাকলে দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাটের ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাটের ইজারার টাকা সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যেকোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. ইজারাদারকে হাটের চতুর্সীমানা বহাল রাখতে হবে। হাটের অন্তর্ভুক্ত কোন জায়গা হাট ও টোল আদায় ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। কোন ভাবেই রাস্তার উপর হাট স্থাপন করা যাবে না।

২০. ইজারাদার কর্তৃক টোল আদায়ের ব্যর্থতায় জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবেন না।

২১. অস্থায়ী পশুর হাট চলাকালীন সময়ে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি যাতে না ঘটে সে বিষয়ে তৎপর থাকতে হবে। কোন কারনে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে কর্তৃপক্ষ যেকোন সময়ে হাট বন্ধ করার এখতিয়ার রাখবে।

২২. শর্তাবলীতে উল্লেখ নেই অথচ আইন দ্বারা স্বীকৃত এমন শর্তাবলী ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

উল্লেখ্য যে, প্রথম দরপত্র দাখিলের তারিখে উল্লিখিত হাটের কাঙ্খিত ইজারা মূল্য পাওয়া গেলে পরবর্তী ধার্য তারিখে ঐ হাটের আর দরপত্র আহবান করা যাবে না।

মোঃ মহিন উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীনগর, মুন্সীগঞ্জ।
ফোন নম্বর- ০২-৯৯৭৭৩৩৭০১
Email: unosreenagar@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৩০.৫৯৮৪.০০০.৪০.০০৯.২৫.৩৫৬/১(৫০)

তারিখঃ ১৪ বৈশাখ ১৪৩২ / ২৭ এপ্রিল ২০২৫

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
০৪. পুলিশ সুপার, মুন্সীগঞ্জ
০৫. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
০৬. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ
০৭. উপজেলা নির্বাহী অফিসার, ........................................ (সকল), মুন্সীগঞ্জ
০৮. সহকারী কমিশনার (ভূমি), শ্রীনগর, মুন্সীগঞ্জ
০৯. উপজেলা........................................................, শ্রীনগর, মুন্সীগঞ্জ
১০. চেয়ারম্যান.........................................(সকল) ইউ.পি, শ্রীনগর, মুন্সীগঞ্জ
১১. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ................................ইউনিয়ন ভূমি অফিস, শ্রীনগর
১২. ইজারাদার ..........................................................গরু-ছাগলের হাট, শ্রীনগর, মুন্সীগঞ্জ
১৩. অফিস কপি/ নোটিশ বোর্ড

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীনগর, মুন্সীগঞ্জ